

তথ্যবিবরণী

নম্বর-১২৯

## শেখ হাসিনার নেতৃত্বে স্মার্ট বাংলাদেশের পথে এগিয়ে চলছে দেশ -ধর্মমন্ত্রী

ইসলামপুর, জামালপুর, সোমবার (২৬ ফেব্রুয়ারি ২০২৪):

ধর্মমন্ত্রী ফরিদুল হক খান দুলাল বলেছেন, শেখ হাসিনার নেতৃত্বে স্মার্ট বাংলাদেশের পথে এগিয়ে চলছে দেশ। তিনি ডিজিটাল বাংলাদেশকে স্মার্ট বাংলাদেশে রূপান্তরে কাজ করে যাচ্ছেন। তিনি ২০৪১ সালের মধ্যেই উন্নত-সমৃদ্ধ স্মার্ট বাংলাদেশ গড়ে তুলবেন।

জামালপুরের ইসলামপুরে সিরাজাবাদ উচ্চ বিদ্যালয় মাঠে বিশেষ বর্ধিত সভা ও সংবর্ধনা অনুষ্ঠানে মন্ত্রী এসব কথা বলেন।

ধর্মমন্ত্রী বলেন, প্রধানমন্ত্রী শেখ হাসিনা ২০৪১ সালের মধ্যে দেশকে স্মার্ট বাংলাদেশ হিসেবে গড়ে তুলতে বদ্ধপরিকর। স্মার্ট বাংলাদেশের চারটি স্তম্ভ-স্মার্ট সিটিজেন, স্মার্ট ইকোনমি, স্মার্ট গভর্নমেন্ট এবং স্মার্ট সোসাইটি তৈরিতে নানামুখী উদ্যোগ নেওয়া হয়েছে। আমরা এখানেই থেমে নেই, ২১০০ সালের বাংলাদেশ কেমন হবে সেই পরিকল্পনাও করেছি। শেখ হাসিনার নেতৃত্বে ‘ডিজিটাল বাংলাদেশ’ গঠনের সফলতার পথ ধরে উন্নত-সমৃদ্ধ স্মার্ট বাংলাদেশ গঠনের পথে দেশ আরো সাহস ও আত্মবিশ্বাসের সাথে এগিয়ে যাবে।

ফরিদুল হক খান আরো বলেন, বাংলাদেশ আজ উন্নয়নের মহাসড়কে অপ্রতিরোধ্য গতিতে এগিয়ে যাচ্ছে। শিক্ষা, স্বাস্থ্য, কৃষি, তথ্যপ্রযুক্তি, নারীর ক্ষমতায়নসহ বিভিন্ন খাতে বিশ্বব্যাপী উন্নয়নের ‘রোল মডেল’ হিসেবে বিবেচিত হচ্ছে বাংলাদেশ। ইতোমধ্যে জনসাধারণ ব্যবহার করছে স্বপ্নের পদ্মাসেতু ও মেট্রোরেল যা দেশের যোগাযোগ ব্যবস্থাসহ সামগ্রিক অর্থনীতিতে গুরুত্বপূর্ণ অবদান রাখছে। তিনি আরো বলেন, কর্ণফুলী নদীতে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান টানেল বাংলাদেশের যোগাযোগ ব্যবস্থার অনন্য মাইলফলক।

ইউনিয়ন আওয়ামী লীগের সভাপতি জবান আলীর সভাপতিত্বে অনুষ্ঠিত সভায় অন্যান্যের মধ্যে বক্তব্য রাখেন উপজেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক এড. আব্দুস ছালাম, সহসভাপতি শাহাদত হোসেন স্বাধীন, মজিবর রহমান শাহজাহান, যুগ্ম সম্পাদক জিয়াউল হক সরকার প্রমুখ। এ অনুষ্ঠানে আওয়ামী লীগের অঙ্গ ও সহযোগী সংগঠনের নেতাকর্মী উপস্থিত ছিলেন।

#

সিদ্দীক/দেওয়ান/মনির/রিদওয়ান/হদা/রেজভী/২০২৪/২১:০০ ঘন্টা